

উচ্চ শিক্ষার মানোন্নয়ন প্রকল্প হবে প্রেরণার উৎস

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষার নতুনত্ব প্রদান, প্রতিষ্ঠানিক সত্বমতা বৃদ্ধি, শিক্ষা ও গবেষণা সংযোগ সৃষ্টির লক্ষ্যে সরকারি বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর জন্য পাঁচ বছর মেয়াদী হেফেজ (উচ্চ শিক্ষা মানোন্নয়ন প্রকল্প) বাস্তবায়ন করছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। ২০০৯-২০১৩ মেয়াদে ৬৮১ কোটি টাকার এ প্রকল্পে যৌথভাবে বিশ্বব্যাংক ও বাংলাদেশ সরকার অর্থায়ন করছে। প্রকল্পের প্রথম পর্বের সাফল্য ও সুশাসনের ওপর গড়কাল পন্থিয়ার অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে

ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাম চৌধুরী বলেন, আজ একটি বড় উৎসবের দিন এবং অর্জিত জ্ঞান বিনিময়ের দিন। তিনি বলেন, আমাদের উপ-প্রকল্প প্রণয়ন

করা হয়েছে বিশ্ববিদ্যালয়সমূহ এবং হেফেজ এর সহকর্মীদের মাধ্যমে শিক্ষা ক্ষেত্রে নবধারা, শিখন পঠন, পাঠ্যক্রম উন্নয়ন, গবেষণা সত্বমতা বৃদ্ধি, বৈশ্বিক ও ডিজিটাল শিক্ষা এবং গবেষণার সংযোগ সৃষ্টির লক্ষ্যে। অধি আগা করি, এই প্রকল্পের সফলতা থাকিলে অন্য অনুপ্রেরণার উৎস হবে।

ইউজিসি অডিটোরিয়ামে অনুষ্ঠিত এই কর্মশালায় স্বাগত বক্তব্যে প্রকল্প পরিচালক করিমজ্জা ডাভিহা বলেন, আমরা আশ্রয় জ্ঞানিচ্ছেরি প্রথম পর্যায়ের ১২ টি উপ-প্রকল্পের এসপিএমএমের। এই কর্মশালায় মাধ্যমে তাদের কর্তব্য ও সাফল্য দেখে যাতে আমরা এ থেকে শিক্ষা নিতে পারি। এই নতুন ও সফল উপ-প্রকল্পের

মধ্য দিয়ে আমরা ইতিবাচক শিক্ষা নিতে পারব।

কর্মশালায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয় ও শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গবেষণা কর্মের উপর প্রবন্ধ উপস্থাপন করা হয়। কর্মশালায় জানানো হয়, এই প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে- বিশ্ববিদ্যালয়ে শিড়াসন, শিক্ষালভ ও গবেষণার মান ও সার্বজনীনতা বড়ানোর অনুকূল পরিবেশ প্রতিষ্ঠা করা এবং নতুনত্ব ও গ্রহণযোগ্যতার ওপর গুরুত্বারোপ করে

বিশ্ববিদ্যালয়গুলোকে বাড়তি গণতান্ত্রিক বরাদ্দের জন্য দক্ষ ব্যবস্থাপনা সৃষ্টি করা।

এছাড়াও জানানো হয়, শিক্ষা নতুনত্ব ও হকিল দুটি পর্যায়ে বরাদ্দ

দেয়া হয়েছে। প্রথম পর্যায়ে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৭০০-এর বেশি প্রাথমিক প্রত্যাবনা জমা দেয়া হয়, সেগুলোর মধ্য থেকে ৫৫৪ টি হেফেজ এ প্রেরণ করা হয়, কমপ্রিটি প্রোগ্রাম (সিপি) হিসাবে এবং শেষ পর্যন্ত ৯১ টি উপ-প্রকল্প ১৮৩ কোটি টাকার প্রকল্প লাভ করে। সব মিলিয়ে ২৭ টি বিশ্ববিদ্যালয় এই প্রকল্প লাভ করে। এর মধ্যে ২৫ টি সরকারি বিশ্ববিদ্যালয় এবং ২ টি বেসরকারি বিশ্ববিদ্যালয়।

দ্বিতীয় পর্যায়ে ৫৯০ সিপি হেফেজ এ জমা দেয়া হলে তার মধ্যে ১৮৯ কোটি টাকার ১০৫ টি উপ-প্রকল্প প্রদান করা হয়। ২৭ টি বিশ্ববিদ্যালয় এই প্রকল্প লাভ করে।

কর্মশালায় বিশেষজ্ঞদের আশাবাদ